বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

স্মারক নং-৮০.০০.০০০০.১০৩.১১.০০৩.২৫-২৫৭ www.prebd.com

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ফরেন সার্ভিস একাডেমির "প্রশাসনিক কর্মকর্তা" (১০ম গ্রেড) পদের বাছাই পরীক্ষা (MCQ Type) এর কেন্দ্র, সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ফরেন সার্ভিস একাডেমির "প্রশাসনিক কর্মকর্তা" (১০ম গ্রেড) পদের প্রার্থীদের ১ ঘন্টা ব্যাপী বাছাই পরীক্ষা (MCQ Type) নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

| পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ | পরীক্ষার তারিখ ও সময় | ক্রমিক নম্বর | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| প্রশাসনিক কর্মকর্তা (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির ক্রমিক নং-৯১ বিজ্ঞপ্তির তারিখ ২৫.০৩.২০২৫ | **০৯-১১-২০২৫ (রবিবার) বিকাল-৩.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত** | ১. | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা। | 000001 থেকে 400077 | ১৫০০ জন |
| | | ২. | ৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | 400079 থেকে 800099 | ১৬১ জন |
| | | | | সর্বমোট= | ১৬৬১ জন |

সময়সূচি ও নির্দেশাবলি:

| সময় | পরীক্ষার্থীদের করণীয় |
|---|---|
| ২.০০ ঘটিকা | পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষার হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন। |
| ২.৩০ মিনিট | প্রার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। |
| ৩.০০ ঘটিকা | পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪টি সেট থাকবে যেমন- সেট-১, সেট-২, সেট-৩, সেট-৪। প্রতি সেট প্রশ্নপত্র ভিন্ন ভিন্ন রঙে মুদ্রিত। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তর প্রদান শুরু করবেন। বিকাল ৩.০০ ঘটিকায় পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কেন্দ্র থেকে বের হতে পারবেন না। |
| ৪.০০ ঘটিকা | পরীক্ষা শেষ হলে পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন। |

ক্রমশ/২